

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪০২

পর্ব-১৪: গোলাম মুক্তিকরণ (১য়০ ১য়০)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - অংশীদারী গোলাম মুক্তি করা ও নিকটাত্মীয়কে ক্রয় করা এবং অসুস্থাবস্থায় গোলাম মুক্তি করা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا أَصَابَ الْمُكَاتَبُ حَدًّا أَقْ مِيْدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا أَصَابَ الْمُكَاتَبُ حَدًّا أَقْ مِيْدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مِيرًاثًا وَرِثَ بِحِسَابِ مَا عَتَقَ مِنْهُ » . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَفِي رِوَايَةٍ لَهُ قَالَ: «يُودَى الْمُكَاتَبُ بِحِصَّةٍ مَا أَدَّى دِيَةَ حر وَمَا بَقِي دِيَة عبد » . وَضَعَفه الفص التَّالِث

বাংলা

৩৪০২-[১৫] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কোনো মুকাতাব (চুক্তিবদ্ধ গোলাম) রক্তপণ বা উত্তরাধিকারের অংশীদার হয়, তাহলে সে যে পরিমাণ মুক্ত হয়েছে সে পরিমাণ উত্তরাধিকার পাবে। (আবূ দাউদ, তিরমিযী)[1]

তিরমিয়ীর অন্য বর্ণনাতে আছে, তিনি বলেছেনঃ মুকাতাবের রক্তপণ তার পরিশোধকৃত অংশ পরিমাণ স্বাধীন লোকের রক্তপণ হিসেবে আর বাকি অংশের রক্তপণ গোলাম হিসেবে আদায় করতে হবে। তিনি হাদীসটিকে য'ঈফ বলেছেন।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৫৮২, তিরমিয়ী ১২৫৯, নাসায়ী ৪৮১৭, সহীহ আল জামি' ৩৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাবার্থ হলো, যখন সাব্যস্ত হলো মুকাতাবের জন্য দিয়াত অথবা মীরাস তার জন্য ঐ পরিমাণে দিয়াত এবং মীরাস বাস্তবায়ন হবে যে পরিমাণ মুক্ত হয় সে অনুপাতে, যেমন কোনো মুকাতাব অর্ধেক পরিমাণ মূল্য আদায় করে, অতঃপর তার বাবা মারা গেল আর সে স্বাধীন, তাহলে সে উত্তরাধিকার হবে তা হতে তার



অর্ধেক সম্পদ হতে- এ ব্যাপারে কেউ মতানৈক্য করেনি।

অথবা যেমন কোনো মুকাতাবের ওপর কেউ ক্রাইম করে বা তাকে হত্যা করে আর এমতাবস্থায় মুকাতাব কিছু অংশ পরিশোধ করে তাহলে অপরাধীর ওপর বর্তাবে যে পরিমাণ মুক্ত হয়েছে। সে অনুপাতে তার ওয়ারিসকে দিয়াত দিবে আর যে পরিমাণ অবশিষ্ট আছে সে অনুপাতে দিয়াত তার মুনীবকে দিবে। যেমন তার মুক্তিপণ ছিল একহাজার দিরহাম। কিন্তু তার নিজের মূল্য একশত দিরহাম, পরে তার মুক্তিপণের পাঁচশত দিরহাম আদায় করবার নিয়্যাতে হয়েছে। এমতাবস্থায় তার ওয়ারিসরা পাবে পাঁচশত দিরহাম এবং তার মালিক পাবে পঞ্চাশ দিরহাম। (তুহফাতুল আহওয়ায়ী ৪র্থ খন্ড, হাঃ ১২৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন